**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**9 OCTOBER 2025** **7:35 AM IST**

**=========================================================================**

আসাম সরকার রাজ্যের নারীশক্তিকে ঔদ্যোগীকরণের মাধ্যমে সবল করে তোলার লক্ষ্যে বিভিন্ন প্রয়াস গ্রহণ করেছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা গতকাল তিনশুকিয়ায় মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে আত্মসহায়ক গোষ্ঠির ১৪ হাজার ৩০১ জন হিতাধিকারীকে চেক প্রদান করেন একথা বলেন । মুখ্যমন্ত্রী বলেন যে রাজ্যের ৪০ লক্ষ মহিলার মধ্যে ৮ লক্ষ মহিলাকে ইতিমধ্যে লাখপতি দিদিতে উন্নীত করা হয়েছে । পরবর্তী সময়ে মহিলাদের অর্থনৈতিক সবলীকরণের এই প্রয়াস অব্যাহত থাকবে বলে তিনি জানান । এদিকে মুখ্যমন্ত্রীর আপার আসাম সফরের সময় চা জনগোষ্ঠির লোকেরা জনজাতিকরণের দাবীতে প্রতিবাদী কার্যসূচী পালন করার বিষয় সম্পর্কে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেন ----- বাইট

---

মুখ্যমন্ত্রী গতকাল ডিব্রুগড় জেলায় ১২ কোটি টাকা ব্যয় সাপেক্ষে একটি স্বয়ংক্রিয় যানবাহন উপযোগিতা পরীক্ষা কেন্দ্রের উদ্বোধন করেন । এই পরীক্ষা কেন্দ্রটিতে ঘন্টায় ১০ টি করে গাড়ীর উপযোগিতা পরীক্ষা করা হবে । পরবর্তী সময়ে শ্রীভূমি জেলার বদরপুর সহ বরপেটা ও মঙ্গলদৈয়ে এধরণের কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---

বড়ো সায়ত্ব শাসিত পরিষদ  বিধায়নী সভার অধিবেশন আজ অনুষ্ঠিত হবে । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য পঞ্চম বিটিসি পরিষদীয়  সরকারের পরিষদদের শপথ গ্রহণের পর প্রথমবার এই অধিবেশন আহ্বান করেছেন । কোকরাঝারের বডোফা নগরে বিটিসি বিধায়নী ভবনে সকাল ১০ টায় এই অধিবেশন আরম্ভ হবে ।

---

আসাম পুলিশ প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের সম্পর্কীত ভাই তথা বকো সমজেলার ভারপ্রাপ্ত পুলিশ সুপার সন্দীপন গার্গকে গতকাল গ্রেপ্তার করেছে । বিশেষ তদন্তকারী গোষ্ঠি  সন্দীপন গার্গকে ১৪ দিনের জিম্মায় চেয়ে কামরূপ মহানগর জেলা মুখ্য ন্যায় দন্ডাধীশের আদালতে হাজির করায় । তবে আদালত সাতদিনের জন্য তাকে তদন্তকারী গোষ্ঠির জিম্মায় প্রেরণ করে । উল্লেখ্য জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সংক্রান্ত বিষয়ে এপর্যন্ত ৫ জন লোককে গ্রেপ্তার করা হয়েছে । এদিকে বিশেষ তদন্তকারী গোষ্ঠি গতকাল কণ্ঠশিল্পী মানস

রবীনকে উলুবারীর সি আই ডি কার্যালয়ে জিজ্ঞাসাবাদ করেছে বলে জানা গেছে ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতি আগামীকাল সন্ধ্যা পাঁচটায় শিলচর বঙ্গ ভবন প্রেক্ষাগৃহে শারদ সাহিত্য সম্মাননা উৎসবের আয়োজন করেছে । এ বছর বরাক উপত্যকার তিন জেলার যে সব শারদ সংখ্যা প্রকাশিত হয়েছে , এদের সম্পাদকদের সম্মাননা প্রদান করা হবে । উৎসব প্রাঙ্গনে শারদ সংখ্যা প্রদর্শনী এবং বিক্রয়ের ও ব্যবস্থা থাকবে বলে জেলা সমিতির সাহিত্য সম্পাদক শান্তশ্রী সোম জানিয়েছেন ।

---

ভারতীয় সেনা বাহিনীর উদ্যোগে যুদ্ধবিদ ও প্রবীন সৈনিকদের কল্যানে আজ মাসিমপুর সামরিক ছাউনিতে সেনা সমাবে ও একটি র্যালীর আয়োজন করা হয়েছে । সেনা সমাবেশে প্রবীন সৈনিকদের চাকুরীর নথি ও পেনশন সংক্রান্ত যাবতীয় নথি নিয়ে আসতে বলা হয়েছে । সমাবেশে সৈনিকদের অবসরকালীন সুযোগ-সুবিধা সংক্রান্ত সমস্যাগুলির সমাধান করা হবে ।

---

রাজ্যের কৃষি ও ভূমি নথি সঞ্চালকালয়ের নির্দেশে শ্রীভূমি জেলার প্রতিটি রাজস্ব চক্রে কৃষি রাজস্ব আদালত শিবির শুরু হয়েছে যা আগামী ৩০শে নভেম্বর পর্য্যন্ত চলবে । শিবিরে জমি সংক্রান্ত মিউটেশন , ভূমি ও রাজস্ব সর্ম্পকিত সমস্যা নিষ্পত্তি ছাড়াও কৃষকদের মোবাইল নম্বরকে আধার ও

ফার্মারস রেজিষ্ট্রির সঙ্গে সংযুক্ত করার কাজ করা হচ্ছে । প্রতিটি শিবিরে কৃষি ও রাজস্ব চক্র আধিকারীকরা উপস্থিত থাকছেন এবং প্রতিদিন সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্য্যন্ত শিবির অনুষ্ঠিত হচ্ছে ।

---

কাছাড় জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে জেলার সব বেসরকারী ক্লিনিক , নার্সিং হোম , প্যাথলজি ল্যাব ,ডায়াগনষ্টিক সেন্টার এবং চিকিৎসকদের চেম্বারকে অবিলম্বে ক্লিনিকেল এস্টাবলিশমেন্ট আইন-২০১০ অনুযায়ী পঞ্জিয়ন করতে হবে । জেলার যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর শিবানন্দ রায় এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে বারবার সর্তক করার পরও জেলার একাংশ বেসরকারী হাসপাতাল, ল্যাব ও চিকিৎসা কেন্দ্র এখনো বৈধ পঞ্জিয়ন করে নি । ক্লিনিকেল এস্টাবলিশমেন্ট আইন-২০১০ লংঘনকারীদের বিরুদ্ধে ৫০ হাজার টাকা থেকে শুরু করে ৫ লক্ষ টাকা পর্য্যন্ত অর্থ দন্ডের বিধান রয়েছে । আগামী ১৫ দিনের মধ্যে নিজেদের বানিজ্যিক প্রতিষ্ঠানকে পঞ্জিয়ন করতে বিজ্ঞপ্তীতে বলা হয়েছে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর সেঞ্চুরিয়ানের ব্যবস্থাপনায় আজ শিলচর এন আই টি সংলগ্ন বাবুটিল্লায় বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আয়োজিত সিনিয়র ডিভিশন লিগ কাম নকআউট ফুটবল টুর্নামেন্টের আজকের চতুর্থ

কোয়ার্টার ফাইনালে চাঁদপুর এফ সি /লালা টাউন ফুটবল একাডেমির মুখোমুখি হবে ।

নেতাজি সুভাষ চন্দ্র বসু ষ্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকাল তৃতীয় কোয়ার্টার ফাইনালের খেলায় ব্লাড মাউথ অ্যাথলেটিক ক্লাব ৪-১ গোলের ব্যবধানে লক্ষীশহর এফ সি কে পরাজিত করে সেমিফাইনালে প্রবেশ করে ।

---

---